

“প্রেস বিজ্ঞপ্তি”

মাননীয় উপদেষ্টা জনাব মোঃ নাহিদ ইসলাম কর্তৃক বিএসসিপিএলসি’র ২০২৩-২০২৪ অর্থ বছরের মুনাফা হতে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে ১.০৬ কোটি টাকার চেক মাননীয় উপদেষ্টা জনাব ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম. সাখাওয়াত হোসেন এর নিকট হস্তান্তর।

ঢাকা; ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর ২০২৩-২০২৪ অর্থবছরের মুনাফা হতে শ্রম আইন ২০০৬ এর ধারা ২৩৪ মোতাবেক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে ১.০৬ কোটি টাকা হস্তান্তর করা হয়।

বাংলাদেশ সচিবালয়ের নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মোঃ নাহিদ ইসলাম, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম. সাখাওয়াত হোসেন এর নিকট উপরোক্ত অর্থের চেক হস্তান্তর করেন। উক্ত চেক হস্তান্তর অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মানিত সচিব জনাব ড. মোঃ মুশফিকুর রহমান এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব এ এইচ এম সফিকুজ্জামান, বিএসসিপিএলসি-এর পক্ষে জনাব মির্জা কামাল আহম্মদ, প্রকল্প পরিচালক, SMW-6 প্রকল্প, কোম্পানির শ্রমিক অংশগ্রহণ তহবিল ও শ্রমিক কল্যাণ তহবিল ট্রাস্ট এর চেয়ারম্যান, জনাব মোঃ আব্দুস সালাম খান সহ দুই মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, বিএসসিপিএলসি’র শ্রমিক অংশগ্রহণ ও শ্রমিক কল্যাণ তহবিল প্রতিষ্ঠার পর ২০১৩-২০১৪ অর্থবছর হতে কোম্পানিটি বিধি মোতাবেক নিয়মিতভাবে মুনাফার একটি অংশ দেশের শ্রমজীবী মানুষের কল্যাণার্থে সরকার কর্তৃক গঠিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে জমা প্রদান করে আসছে।

তারিখ, ঢাকা
১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি।

Zahid Ma
১৯-০২-২৫
(মোহাম্মদ জাকিরুল আলম)

কোম্পানি সচিব

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।

প্রতি,

বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ২০/০২/২০২৫ খ্রি. তারিখে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।